

তারিখ : ০১.০৩.২০২১

বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস এবং স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এতে আগ্রহী শিক্ষার্থীদের অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে বলা যাচ্ছে।

১. ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস :

রচনা প্রতিযোগিতা

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
০২	খ	একাদশ-দ্বাদশ	বঙ্গবন্ধুর শিক্ষা জীবন	১২০০

২. ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে রচনা প্রতিযোগিতা :

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
০২	খ	একাদশ-দ্বাদশ	বঙ্গবন্ধু ও বাঙ্গালির স্বাধীনতা	১২০০
০৩	গ	স্নাতক-স্নাতকোত্তর	বিশ্ব ঐতিহ্যের প্রামাণ্য দলিল-বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ	১৫০০

রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে নিজ হস্তে লিখিত রচনা আগামী ২১ মার্চ ২০২১ তারিখের মধ্যে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (স্টেডিয়াম পূর্ব গেইট), সিলেট-এ ডাকযোগে/ সরাসরি জমা দেওয়ার জন্য বলা যাচ্ছে।

শর্তাবলী

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, রচনার শব্দ সংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক।
২. ছাত্রছাত্রীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/ স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই প্রতিযোগীর নাম, পিতার নাম, মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর লিখতে হবে।

(অধ্যাপক সর্বানী অর্জুন)